# যশোর বোর্ড-২০১৬

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র বিষয় কোড: | ২ | ৭ | ৮ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ মি. সায়েম একটি সিরামিকস কোম্পানির জুনিয়র অফিসার। তিনি স্বীয় কাজের জন্য ঊর্ধ্বতন কর্মকর্তা মি. সাইদ-এর নিকট দায়বদ্ধ থাকেন। সম্প্রতি মি. সাঈদের বস মি. তানভীর, মি. সায়েমকে বিভিন্ন বিষয়ে নির্দেশ দিচ্ছেন। ফলে দু'জন ঊর্ধ্বতন কর্মকর্তার নির্দেশে গরমিল থাকায় কাজ করতে সমস্যা হচ্ছে। মি. সায়েম দীর্ঘ ৩ বছর যাবত একই প্রতিষ্ঠানে কাজ করলেও তার বেতন বাড়ানো হয়নি। এজন্য তিনি কাজে মন বসাতে পারছেন না। ফলে কাজ করতে যেয়ে প্রায়ই ভুল করছেন।

ক. ব্যবস্থাপনা চক্র কী? ১

খ. "ব্যবস্থাপনা সার্বজনীন" — ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে ব্যবস্থাপনার কোন নীতির অভাবে মি. সায়েমের কাজ করতে সমস্যা হচ্ছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতিতে মি. সায়েমের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য ব্যবস্থাপনার উপযুক্ত কাজটি বিশ্লেষণ করো। ৪

২.▶ মি. কামাল জামালপুরে বড় আকারে একটি মুরগির খামার প্রতিষ্ঠা করেন। তার খামারে ৫০ জন শ্রমিক কাজ করে। তিনি খামার পরিচালনার জন্য একজন সাধারণ ব্যবস্থাপক, একজন সহকারী ব্যবস্থাপক এবং একজন সুপারভাইজার নিয়োগ দেন। তাদের প্রশাসনিক দক্ষতা থাকলেও প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় জ্ঞান পর্যাপ্ত নয়। তাই মি. কামাল সাধারণ ব্যবস্থাপক সমমর্যাদায় একজন প্রাণিসম্পদ কর্মকর্তা এবং সহকারী ব্যবস্থাপক সমমর্যাদায় একজন প্রাণিসম্পদ চিকিৎসক নিয়োগ দিলেন। হঠাৎ একদিন ৬০০০ মুরগি খামারে মারা যায়। এ ঘটনার কারণ উদঘাটন ও প্রতিকার বের করার জন্য ৭ দিন সময়সীমা নির্ধারণ করে সাধারণ ব্যবস্থাপক ও প্রাণিসম্পদ চিকিৎসককে লিখিত দায়িত্ব দিলেন।

ক. আনুষ্ঠানিক সংগঠন কী? ১

খ. সংগঠন কাঠামো বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. কামালের সংগঠনটি আনুষ্ঠানিকতার ভিত্তিতে কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উদ্ভূত পরিস্থিতি মোকাবিলার জন্য গঠিত কমিটি যথার্থ কিনা? তোমার মতামত দাও। ৪

৩.▶ মি. রবিন তার কলম তৈরি কারখানায় এ সপ্তাহে ১৮,০০০টি কলম তৈরির লক্ষ্যমাত্রা স্থির করে উৎপাদন শুরু করেন। তার কারখানায় কলম প্রস্তুতের ৩টি মেশিন আছে। প্রতিটি মেশিনের উৎপাদন ক্ষমতা একই রকম। প্রতিটি মেশিনের মাসিক উৎপাদন সময় ৬০ ঘণ্টা। মি. রবিন ১৮,০০০ কলম সময়মতো উৎপাদনের জন্য দৈনিক দু'বার উৎপাদন কার্যক্রম দেখেন ও প্রয়োজনীয় নির্দেশনা দেন।

ক. নিয়ন্ত্রণের প্রথম পদক্ষেপ কোনটি? ১

খ. ব্রেক ইভেন পয়েন্ট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. রবিনের কলম কারখানায় সময়ের ভিত্তিতে প্রতিটি মেশিনের উৎপাদনের আদর্শমান কত? বর্ণনা করো। ৩

ঘ. মি. রবিনের কলম কারখানায় লক্ষ্যমাত্রা অর্জনে নিয়ন্ত্রণের গৃহীত কৌশল ব্যবহারের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৪.▶ আদিবা ফ্যাশন লি.-এর মালিক মি. ইউনুছ ঢাকার অদূরে টঙ্গীতে নিজস্ব ভবনে কারখানা স্থাপন করে তৈরি পোশাক উৎপাদন শিল্পের ব্যবসায় পরিচালনা করছেন। বিভিন্ন উৎস থেকে তিনি প্রয়োজনীয় কর্মীসংগ্রহ করেন। তিনি তার প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদের যোগদানের সময় বিবেচনা করে নিয়মিত পদোন্নতি দিয়ে থাকেন। ফলে অধিকতর যোগ্য ও দক্ষ কর্মীদের মধ্যে হতাশা লক্ষ করা যায়।

ক. আউট সোর্সিং কী? ১

খ. কর্মী প্রশিক্ষণের প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে পদোন্নতির কোন ভিত্তি অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো বিদ্যমান কর্মীদের হতাশা দূর করতে ভবিষ্যতে পদোন্নতি পদ্ধতিতে পরিবর্তন আনা উচিত? যুক্তিসহ মতামত দাও। ৪

৫.▶ মি. জিহাদ একতা ফ্যাশন লি.-এর একজন নির্বাহী পরিচালক। তিনি শুধুমাত্র প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ করে দেন, কিন্তু কীভাবে লক্ষ্য অর্জিত হবে সে বিষয়ে কোনো নির্দেশনা দেন না। বরং তা কর্মীদের উপর ছেড়ে দেন। অন্যদিকে মি. কামাল জনতা টেক্সটাইল নামক একটি প্রতিষ্ঠানের কর্ণধার। তিনি কোনো বিষয়ে সিদ্ধান্ত নেয়ার পূর্বে কর্মীদের মতামতের গুরুত্ব দেন।-এর ফলে প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীরা নিজেদেরকে প্রতিষ্ঠানের অংশীদার মনে করেন এবং কর্তৃপক্ষের প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করেন। অল্প দিনের মধ্যেই প্রতিষ্ঠানটি ব্যবসায়িক জগতে সফলতা অর্জন করতে সক্ষম হয়।

ক. কর্মীকেন্দ্রিক নেতৃত্ব কী? ১

খ. নির্দেশনাকে প্রশাসনের হৃৎপিণ্ড বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত একতা ফ্যাশনস লি.-এ মি. জিহাদ কোন ধরনের নেতৃত্ব প্রয়োগ করেন? বর্ণনা করো। ৩

ঘ. তুমি কি মনে করো পরামর্শমূলক নির্দেশনার যথাযথ অনুসরণেই জনতা টেক্সটাইল কোম্পানির সফলতার মূল কারণ? তোমার মতামত দাও। ৪

৬.▶ মি. কমল অফিসের পিয়ন। তিনি কখনো অফিস ফাঁকি দেন না; নিজের কাজে যথেষ্ট সচেতন। ইদানিং সে অফিসে দেরি করে আসে, কাজের প্রতি তেমন আগ্রহ পায় না। সবসময় মন খারাপ থাকে। তার বস সাম্প্রতিক পরিবর্তন লক্ষ্য করলেন এবং শুনলেন তার মেয়েটার ৫০,০০০ টাকার জন্য চিকিৎসা বন্ধ হয়ে আছে। তার বস কমলের মেয়ের চিকিৎসার দায়িত্ব নিবেন বলে জানালেন। কমল কৃতজ্ঞচিত্তে পুনরায় কাজে আগ্রহ ফিরে পেলেন।

ক. দ্বি-উপাদান তত্ত্বের জনক কে? ১

খ. পুরস্কার কি প্রণোদনা? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বসের চিকিৎসার আশ্বাস কোন ধরনের প্রেষণা? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো, প্রেষণা মনোবলকে বৃদ্ধি করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৭.▶ মি. আদিব মিতালী ফ্যাশন লি.-এর উৎপাদন ব্যবস্থাপক। কোম্পানির সিদ্ধান্ত মোতাবেক ২ বছরে একটি নির্দিষ্ট ডিজাইনের ১ লক্ষ পিস টি-শার্ট উৎপাদন করে এবং পুরোটাই বিক্রি হয়ে যায়। এতে মি. আদিব উৎসাহিত হন এবং সমপরিমাণ উৎপাদন নিয়ে অন্য ডিজাইনের বাৎসরিক ১ লক্ষ পিস টি শার্ট উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উৎপাদন কার্য পরিচালনা করতে থাকেন। ত্রৈমাসিক মূল্যায়নে দেখা যায় পরিকল্পনামাফিক লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না। ফলে প্রতিষ্ঠানটি ক্রেতাদের চাহিদা মোতাবেক পণ্য সরবরাহ করতে ব্যর্থ হচ্ছে। ফলে প্রতিষ্ঠানটি আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছে। অন্যদিকে বাজারে সমজাতীয় পণ্যের উপস্থিতি লক্ষ করা যাচ্ছে।

ক. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার প্রথম পদক্ষেপ কোনটি? ১

খ. "পরিকল্পনা ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তিস্বরূপ" — ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটিতে ব্যবহৃত পরিকল্পনাটি প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে পরিকল্পনা প্রণয়নের কোন পদক্ষেপটি উপেক্ষিত হওয়ার কারণে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হচ্ছে বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

৮.▶মি. কবির একটি পেপার মিলের ব্যবস্থাপক। গুদামঘরে আগুন লেগে ১,০০০ রিম কাগজ পুড়ে গেলে তিনি ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেন এবং ৭ দিনের মধ্যে রিপোর্ট প্রদান করার জন্য নির্দেশ প্রদান করেন। কমিটির চেয়ারম্যান স্টোর ম্যানেজার সদস্য, সহকারী কর্মী ব্যবস্থাপক ও সহকারী উৎপাদন ব্যবস্থাপক। কমিটি তদন্তপূর্ব ৭ দিনের মধ্যে ব্যবস্থাপকের নিকট রিপোর্ট প্রদান করেন।

ক. গণযোগাযোগ কী? ১

খ. মতামত গঠনে যোগাযোগের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে তদন্ত কমিটি গঠন তথ্য প্রবাহের ধরন অনুযায়ী কোন ধরনের যোগাযোগের অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটিতে যোগাযোগের তথ্য প্রবাহে উলম্ব যোগাযোগ সঠিকভাবে প্রতিফলিত হয়েছে কিনা? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ রূপালী কোম্পানির ব্যবস্থাপনা পরিষদ ১ মাসের কর্ম পরিকল্পনা গ্রহণের আহ্বান করে। উক্ত সভায় বিক্রয় বিভাগের ব্যবস্থাপক ছাড়া প্রতিটি বিভাগের ব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় উক্ত কোম্পানি মাসে ৫,০০০টি পণ্য উৎপাদন করবে এবং বিক্রয় বিভাগ তা বিক্রি করবে। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সকলের সমন্বিত প্রয়াসে মাসে ৫,০০০টি পণ্য উৎপাদিত হয়। কিন্তু বিক্রয় বিভাগের প্রয়োজনীয় সংখ্যক লোকবল না থাকার কারণে গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন সম্ভব হয় হয়নি। পরবর্তীতে বিক্রয় বিভাগে লোকবল বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরিকল্পনা বাস্তবায়িত হয়।

ক. সমন্বয় কী? ১

খ. উদ্দেশ্যের ঐক্য বলতে কী বোঝায়? ২

গ. "সমন্বয়ের অভাবে পরিকল্পনা বাস্তবায়ন হয় হয়নি" — ব্যাখ্যা করো। ৩

ঘ. সমন্বয়ে নমনীয়তার নীতি অনুসরণ করার ফলেই প্রতিষ্ঠানের পরিকল্পনা বাস্তবায়ন সম্ভব হয়েছে। তুমি কি একমত? উদ্দীপকের আলোকে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কোনটি সরলরৈখিক সংগঠনের অসুবিধা?
ক সমন্বয়হীনতা খ অনিয়ন্ত্রণযোগ্য
গ স্বৈরতান্ত্রিকতা ঘ বিলম্বে সিদ্ধান্ত গ্রহণ

২. কর্মী সংগ্রহ প্রক্রিয়ার শেষ কাজ কোনটি?
ক উৎস নির্ধারণ খ বিজ্ঞপ্তি প্রদান
গ কর্মী নিয়োগ ঘ কর্মী প্রশিক্ষণ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব রাজু আলফা ঔষধ কোম্পানির প্রধান নির্বাহী। তিনি তার প্রতিষ্ঠানের কাজগুলোকে বিভিন্ন ভাগে ভাগ করেন এবং প্রত্যেক বিভাগে একজন করে বিশেষজ্ঞ নির্বাহী নিয়োগ দেন। এতে প্রতিষ্ঠান কিছু দিন ভাল মুনাফা করলেও বিভিন্ন সমস্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।

৩. আলফা ঔষধ কোম্পানির সংগঠন কাঠামো কোন ধরনের?
ক কার্যভিত্তিক খ সরলরৈখিক
গ সরলরৈখিক ও পদস্থ ঘ মেট্রিক্স

৪. সমস্যা সমাধানের জন্য জনাব রাজুর করণীয় হলো—
i. বিরোধ হ্রাস করা ii. সমন্বয়ের মাত্রা বৃদ্ধি
iii. বিশেষায়নের মাত্রা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. কর্মী নির্বাচনে কর্মীর ঝোঁক প্রবণতা কোন পরীক্ষার মাধ্যমে যাচাই করা হয়?
ক দক্ষতা পরীক্ষা খ বুদ্ধিমত্তা পরীক্ষা
গ প্রবণতা পরীক্ষা ঘ ব্যক্তিত্ব পরীক্ষা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব বুনু X লিঃ এর এমডি। এই প্রতিষ্ঠানের বিক্রয় ব্যবস্থাপকের পদ ফাঁকা হয়েছে। তিনি তার প্রতিষ্ঠানের কর্মীদের মধ্য থেকে পরীক্ষার ও পূর্বের অভিজ্ঞতা বিবেচনা করে লোক বাছাই করেন।

৬. বুনুর বিক্রয় ব্যবস্থাপক বাছাইয়ের কাজটি কোনটির সঙ্গে সম্পৃক্ত?
ক কর্মী সংগ্রহ খ কর্মী নির্বাচন
গ কর্মী নিয়োগ ঘ কর্মী উন্নয়ন

৭. এই ধরনের নিয়োগের ফলে X লি. যেসব সুবিধা পায় সেগুলো হলো—
i. অভ্যন্তরীণ কর্মীদের উদ্বুদ্ধকরণ
ii. কার্য পরিবেশের সঙ্গে খাপ খাওয়ানো
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. প্রশিক্ষণের মাধ্যমে নিচের কোনটি বৃদ্ধি পায়?
i. দক্ষতা ii. মনোবল
iii. সন্তুষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৯. F.E. Eidler কোন ধরনের নেতৃত্বের উদ্ভাবক?
ক পিতৃসুলভ খ স্বৈরতান্ত্রিক
গ মৌলিক ঘ লাগামহীন

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১০ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব আজিজ একটি নামকরা প্রতিষ্ঠানের বিক্রয় বিভাগের এজিএম। তিনি সর্বদা বিক্রয় বাড়াতে চান। তিনি বিভিন্ন অঞ্চলের বিক্রয় ব্যবস্থাপকদের সঙ্গে আলোচনা করেন এবং বিক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। সে মোতাবেক তিনি তাদেরকে নির্দেশনা দেন।

১০. আজিজের নেতৃত্বটি কোন ধরনের?
ক কর্মকেন্দ্রিক খ পিতৃসুলভ
গ গণতান্ত্রিক ঘ কর্মীকেন্দ্রিক

১১. ন্যায়পরায়ণতা নেতার কোন ধরনের গুণাবলির অন্তর্ভুক্ত?
ক মানসিক খ সামাজিক
গ ব্যক্তিক ঘ পেশাভিত্তিক

১২. কোনটি ব্যবস্থাপনার কার্যাবলির মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করে?
ক পরিকল্পনা খ সংগঠন
গ সমন্বয় সাধন ঘ নির্দেশনা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**

শান্তা লিঃ একটি তৈরি পোশাক কারখানা। এখানে কর্মীদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হয়। প্রতিষ্ঠানটিতে কর্মীদের যাতায়াতের ব্যবস্থা আছে। প্রতিষ্ঠানটির কর্মক্ষেত্রে আলো বাতাসের অপর্যাপ্ততা রয়েছে। তবে প্রতিষ্ঠানটি বছর শেষে মুনাফার একটি অংশ কর্মীদের মধ্যে বণ্টন করে। তারপরও কর্মীরা অসন্তুষ্ট।

১৩. শান্তা লি.-এ কর্মীদের অসন্তুষ্টির কারণ কোনটি?
ক চিকিৎসা সুবিধার অভাব খ যাতায়াত সুবিধার অভাব
গ সুষ্ঠু কর্মপরিবেশের অভাব ঘ প্রশিক্ষণ সুবিধার অভাব

১৪. প্রেষণা চক্রের সর্বশেষ ধাপ কোনটি?
ক আচরণ খ তাড়না গ লক্ষ্য ঘ প্রয়োজন

১৫. কোনটি চাহিদা সোপানতত্ত্বের সামাজিক চাহিদার অন্তর্ভুক্ত?
ক তৃষ্ণা খ ঘুম গ সাহিত্য চর্চা ঘ বন্ধুত্ব

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

টেটলি লি. চা উৎপাদন ও বিক্রয়কারী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি তাদের পণ্য দেশীয় ও বিদেশী বাজারে বিক্রয় করে। জনাব কল্লোল এই প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক এবং মামুন বিক্রয় ব্যবস্থাপক। কল্লোল নিয়মিতভাবে তার বিভাগে উৎপাদিত পণ্যের হিসাব লিখিতভাবে মামুনকে জানায়।

১৬. কল্লোল ও মামুনের মধ্যে যোগাযোগটি কোন ধরনের?
ক ঊর্ধ্বগামী খ নিম্নগামী গ সমান্তরাল ঘ কৌণিক

১৭. বিদ্যমান যোগাযোগ ব্যবস্থা মামুনের যে কাজে সহায়তা করে তা হলো—
i. বিক্রয় পরিকল্পনায় ii. বণ্টন প্রণালিতে
iii. গুদামজাতকরণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. প্রেষণাদানের আর্থিক পদ্ধতি কোনটি?
ক পদোন্নতি সুবিধা খ প্রশিক্ষণের সুবিধা
গ চাকরির নিরাপত্তা ঘ ব্যবস্থাপনায় অংশগ্রহণ

১৯. দ্বিমুখী যোগাযোগে নিচের কোনটি মুখ্য ভূমিকা রাখে?
ক ফলাবর্তন খ সংবাদ গ মাধ্যম ঘ প্রেরক

২০. জনাব জামানের কাজটি সমন্বয়ের কোন নীতির অন্তর্ভুক্ত?
ক ধারাবাহিকতা খ উদ্দেশ্যের ঐক্য
গ শুরুতেই সমন্বয় ঘ পারস্পরিক যোগাযোগ

২১. কোনটি কার্যকরী যোগাযোগের ক্ষেত্রে ব্যক্তিগত প্রতিবন্ধকতা?
ক আঞ্চলিক ভাষা খ মানবীয় ধারণা
গ অনৈক্য ঘ কর্মব্যস্ততা

২২. ব্যবস্থাপনার কোন পর্যায়ে সমন্বয়ের কাজ করা হয়?
ক উচ্চ খ মধ্যম গ নিম্ন ঘ সকল

২৩. সমন্বয়সাধনের প্রধান উদ্দেশ্য কোনটি?
ক ঐক্য স্থাপন খ নীতি বাস্তবায়ন
গ ব্যয় হ্রাস ঘ উৎপাদনশীলতা হ্রাস

teachingbd.com

২৪. নিম্নের 'কোন প্রক্রিয়ায় কাজের সময় নির্ধারণ করে নিয়ন্ত্রণ কার্যকর করা হয়?
ক BEP
খ PERT
গ Statistical method
ঘ Budget

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব তুষার তৈরি পোশাক কারখানার ব্যবস্থাপক। তিনি পণ্য রপ্তানি করে থাকেন। তাই সময়মত পণ্য সরবরাহের জন্য পণ্য মজুদ রাখতে হয়। তবে বেশি মজুদ রাখলে প্রতিষ্ঠানের ব্যয় বেড়ে যায়। তাই তিনি কৌশল ব্যবহারের কথা ভাবছেন।

২৫. জনাব তুষার নিয়ন্ত্রণের জন্য কোন কৌশল ব্যবহার করবেন?
ক সমচ্ছেদ বিন্দু বিশ্লেষণ
খ অনুপাত বিশ্লেষণ
গ অভ্যন্তরীণ নিরীক্ষা
ঘ মিতব্যয়ী মজুদ পরিমাণ

২৬. PERT এর পূর্ণরূপ কী?
ক Policy Evaluation and Review Technique
খ Plan Evalutation and Review Technique
গ Programme Event and Review Technique
ঘ Programme Evaluation and Review Technique

২৭. দ্বৈত অধীনতা ব্যবস্থাপনার কোন নীতির বিপরীতধর্মী?
ক ন্যায়পরায়ণতা
খ আদেশের ঐক্য
গ নির্দেশের ঐক্য
ঘ জোড়া মই শিকল

২৮. হেনরি ফেয়ল ব্যবস্থাপনার কার্যাবলিকে কয়ভাগে ভাগ করেছেন?
ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬

২৯. কোন উপাদানটি সিদ্ধান্ত গ্রহণের মূল ভিত্তি হিসেবে বিবেচিত হয়?
ক নমনীয়তা
খ আত্মবিশ্বাস
গ আর্থিক অবস্থা
ঘ লক্ষ্যের প্রকৃতি

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব জয় মিজান লি.-এর একজন ব্যবস্থাপক। তিনি তার প্রতিষ্ঠানের ব্যবস্থাপকীয় কার্যাবলির ক্ষেত্রে নিম্নের চক্র অনুসরণ করেন—




ইদানিং ৫ নং ধাপে সমস্যার জন্য প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা কমে যাচ্ছে।

৩০. মিজান লি.-এর ব্যবস্থাপনা চক্রের তৃতীয় পর্যায়ে কোন কাজ সম্পাদিত হয়?
ক প্রেষণা
খ কর্মীসংস্থান
গ নির্দেশনা
ঘ সমন্বয়

৩১. মিজান লি.-এর উৎপাদনশীলতা বাড়ানোর জন্য জয়ের করণীয় হলো—
i. প্রশিক্ষণ দেওয়া
ii. কর্ম পরিবেশ উন্নত করা
iii. বিমা সুবিধা প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩২. সিস্টেম মতবাদের প্রবক্তা কে?
ক এলটন মেয়ো
খ অলিভার শেলডন
গ হুগো মুনস্টারবার্গ
ঘ চেষ্টার আই বার্ণার্ড

৩৩. 'Chain of command' কথাটির সঙ্গে ব্যবস্থাপনার কোন নীতির মিল পাওয়া যায়?
ক কর্তৃত্ব ও দায়িত্ব
খ জোড়া-মই-শিকল
গ আদেশের ঐক্য
ঘ নির্দেশনার ঐক্য

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব তুষার স্বনামধন্য কোমল পানীয় কোম্পানির বিক্রয় প্রতিনিধি। তিনি সর্বদা তার কাজের ব্যাপারে দায়িত্বশীল। তার এলাকায় ব্যবস্থাপকের নির্দেশনা মোতাবেক তিনি কাজ করেন। হঠাৎ আঞ্চলিক ব্যবস্থাপক পরিদর্শনে এসে এলাকা ব্যবস্থাপকের অনুপস্থিতিতে বিপরীত পদ্ধতিতে কাজ করার নির্দেশ দেন। এতে পণ্যের বিক্রয় ক্রমাগত কমতে থাকে।

৩৪. কোমল পানীয় কোম্পানিতে ব্যবস্থাপনার কোন নীতির অভাব লক্ষ্য করা যায়?
ক নিয়মতান্ত্রিকতা
খ আদেশের ঐক্য
গ নির্দেশের ঐক্য
ঘ নিয়মানুবর্তিতা

৩৫. কোমল পানীয় কোম্পানির বিক্রয় বাড়ানোর জন্য করণীয় হলো—
i. Chain of command মেনে চলা
ii. যথাযথ তত্ত্বাবধান
iii. নতুন কর্মী নিয়োগ প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬. কোনটি স্থায়ী পরিকল্পনা?
ক বাজেট
খ কর্মসূচি
গ প্রকল্প
ঘ পলিসি

৩৭. জরুরী অবস্থা মোকাবেলার জন্য কোন সংগঠন উপযোগী?
ক কার্যভিত্তিক
খ সরলরৈখিক
গ উপদেষ্টা
ঘ কমিটি

৩৮. মিশন কোন পরিকল্পনার অন্তর্ভুক্ত?
ক লক্ষ্য
খ একার্থক
গ স্থায়ী
ঘ কার্যভিত্তিক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**
অদ্রিজা একটি কোম্পানির ব্যবস্থাপক। প্রতিষ্ঠানটিতে ২ কোটি নগদ টাকা অলসভাবে পড়ে আছে। তিনি তা বিনিয়োগের পরিকল্পনা করছেন। তার নিকট বিনিয়োগের সম্ভাব্য সুযোগ হলো—

| | প্রকল্প-A | প্রকল্প-B | প্রকল্প-C |
|---|---|---|---|
| প্রয়োজনীয় মূলধন | ১.৬ কোটি | ১.৮ কোটি | ১.৭ কোটি |
| সময়কাল (বছর) | ৭ | ৭ | ৭ |
| সম্ভাব্য আয়ের হার | ২০% | ২৫% | ১৮% |
| ঝুঁকির হার | ১৩% | ১৫% | ১২% |

তিনি প্রকল্প-B তে বিনিয়োগের সিদ্ধান্ত নেন।

৩৯. অদ্রিজার পরিকল্পনাটি কোন ধরনের?
ক স্বল্পমেয়াদি
খ মধ্যমেয়াদি
গ দীর্ঘমেয়াদি
ঘ একার্থক

৪০. অদ্রিজার প্রকল্প-B তে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণের কারণ হলো—
i. প্রত্যাশিত আয়ের হার বেশি
ii. সকল প্রকল্পে একই সময়কাল
iii. প্রয়োজনীয় অলস মূলধন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ গ | ২ খ | ৩ ক | ৪ ক | ৫ গ | ৬ ঘ | ৭ ঘ | ৮ ঘ | ৯ ঘ | ১০ খ | ১১ ক | ১২ খ | ১৩ গ | ১৪ গ | ১৫ ঘ | ১৬ গ | ১৭ ঘ | ১৮ ক | ১৯ ক | ২০ গ |
| ২১ ক | ২২ খ | ২৩ ক | ২৪ খ | ২৫ ঘ | ২৬ ঘ | ২৭ খ | ২৮ গ | ২৯ ঘ | ৩০ ঘ | ৩১ ঘ | ৩২ ঘ | ৩৩ ঘ | ৩৪ গ | ৩৫ ক | ৩৬ ঘ | ৩৭ ঘ | ৩৮ ক | ৩৯ গ | ৪০ ক |

http://teachingbd.com